শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান পুরস্কার বাস্তবায়ন নির্দেশিকা

১. প্রকল্পের উদ্দেশ্য

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এ্যানহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর উদ্দেশ্য হচ্ছে মাধ্যমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিখন ফলাফলসমূহ ধারাবাহিকভাবে পরিবীক্ষণ ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা। মূল সেকায়েপ প্রকল্পে ১২৫টি উপজেলা অন্তর্ভুক্ত ছিল। প্রকল্পের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের ফলশ্রুতিতে (২০১৪-২০১৭) মেয়াদে অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে ২য় সংশোধিত প্রকল্প দলিলে আরও ৯০ টি উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে মোট ২১৫টি উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। কিন্তু শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান পুরস্কার কার্যক্রম প্রকল্প উপজেলাসমূহ ছাড়াও সারাদেশে সকল উপজেলায় প্রবর্তন করা হবে।

২. শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার এর উদ্দেশ্য

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্করের উদ্দেশ্য হলো প্রতিষ্ঠান, প্রধান শিক্ষক, শিক্ষার্থী বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি প্যারেন্ট টিচার এসোসিয়েশন ও স্কুল/মাদ্রাসায় শিক্ষা সহায়তা প্রদানকারীদের অনুপ্রানিত করা। মানসম্মত শিক্ষা বিতরণের মাধ্যমে অতি উচ্চ পর্যায়ের অর্জনকে বজায় রেখে ও প্রসারিত করে এটা করা হবে।

৩. জাতীয়ভাবে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার কর্মসূচী

বিগত সময়ের সফলতা ও অর্জিত শিক্ষার আলোকে সেকায়েপ এর আওতায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান পুরস্কার সারা দেশে সকল উপজেলায় প্রবর্তনের উদ্যোগ নেয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২০১৮ এর শুরু থেকে অধিকতর সামঞ্জস্যপূর্ণ মাধ্যমিক শিক্ষা খাতভিত্তিক কর্মসূচী (SWAP) গ্রহণের পরিকল্পনা করছে। এই উদ্যাগ বজায় রাখতে সেকায়েপ অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার জাতীয়ভাবে বাস্তবায়ন করা হবে। সারা দেশের উপজেলাসমূহের সকল যোগ্য শিক্ষা প্রতিষ্ঠান এ পুরস্কারের আওতায় আসবে। এ পুরস্কার জাতীয়ভাবে সুষ্ঠু বাস্তবায়নে সহায়তা করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় মাউশি'র পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ-এর অনুবিভাগ-এর পরিচালককে কেন্দ্রীয় ব্যক্তি (Focal person) হিসেবে নিয়োগ করেছে।

৪. ম্যানুয়ালের উদ্দেশ্য :

এ নির্দেশিকা প্রণয়ন ও জারীর সুনির্দিষ্ট উদ্দেশ্য হচ্ছে :

ক. পুরস্কার প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের নির্ণায়ক নির্ধারণ;

খ. উদ্দীপনা পুরস্কারের জন্য অনুসরণীয় পদ্ধতির বর্ণনা; এবং

গ. সংশ্লিষ্ট সহযোগীদের ভূমিকা ও দায়িত্ব সুনির্দিষ্ট করা;

ঘ. পুরস্কারের অর্থ বিতরণ পদ্ধতি বর্ণনা ।

৫. সংস্করণ: এটি ম্যানুয়ালের ২য় সংস্করণ। বাস্তব অবস্থার নিরিখে অর্জিত ফলাফল পর্যালোচনা করে প্রকল্পের প্রয়োজনে সময় সময় বিশ্ব ব্যাংক ও মাউশি'র পরামর্শ ও সম্মতির ভিত্তিতে এ ম্যানুয়াল সংশোধন করা যাবে ।

খ. বাস্তবায়ন পদ্ধতি:

৬. কার্যক্রম বর্ণনা শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার দেশের সকল উপজেলায় বাস্তবায়ন করা হবে। প্রতি বছর জুন/জুলাই মাসে প্রতি উপজেলায় সরকারী শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত দুটি স্কুল ও একটি মাদ্রাসার প্রত্যেকটি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার হিসেবে ১০০০০০/-(এক লক্ষ টাকা) করে পাবে। চলতি বছর ও বিগত দুই বছরের এসএসসি/সমতুল্য পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শ্রেষ্ঠ কৃতিত্ব অর্জনের সনদপত্রসহ পুরস্কার প্রদান করা হবে। বিভিন্ন উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ও মাদ্রাসা বোর্ড হতে সংগ্রহ করে প্রক্রিয়াকরণ করতে হবে প্রকল্প এমআইএস সেলে। ভালো কৃতিত্ব অর্জনকারীদের স্বীকৃতির জন্য পুরস্কার প্রদানের তথ্য জনসমক্ষে প্রকাশ করা হবে ।

প্রত্যেক পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠান এসএমসি'র সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত হারে সংশ্লিষ্ট সহযোগীরা পুরস্কার পাবেন:

* প্রধান শিক্ষক (১৫%) ও সহকারি প্রধান শিক্ষক (১০%);

* শিক্ষক (গণিত ১৫%, ইংরেজি ১৫%, বিজ্ঞান ১৫% এবং অন্যান্য ১৫%); এবং

* এসএমসি/এমএমসি (৮%) ও পিটিএ (৭%) ।

লক্ষ্য মাত্রার পরিধি: শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান পুরস্কারের ব্যাপ্তি হাবে নিম্নরূপ:

দুটি মাধ্যমিক স্কুল প্রতিবছর ১,০০,০০০ (এক লক্ষ টাকা হারে) প্রতি উপজেলায়									
বৎসর		নিম্নলিখিত শতকরা হারে বিতরণ							
	স্কুল	প্রধান শিক্ষক	সহকারী শিক্ষক	ইংরেজি শিক্ষক	গণিত শিক্ষক	বিজ্ঞান শিক্ষক	অন্যান্য শিক্ষক	এসএমসি	পিটিএ
২০১৪	৯৭৪	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৫	৯৭৪	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৬	৯৭৪	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৭	৯৭৪	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭

একটি মাদ্রাসা প্রতি উপজেলায় ১,০০০০০ (এক লক্ষ টাকা হারে)									
বৎসর		নিম্নলিখিত শতকরা হারে বিতরণ							
	মাদ্রাসা	সুপার	সহকারী সুপার	ইংরেজি শিক্ষক	গণিত শিক্ষক	বিজ্ঞান শিক্ষক	অন্যান্য শিক্ষক	এমএমসি	পিটিএ
২০১৪	৪৮৭	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৫	৪৮৭	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৬	৪৮৭	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭
২০১৭	৪৮৭	১৫	১০	১৫	১৫	১৫	১৫	৮	৭

৭. প্রতিষ্ঠানের প্রাথমিক যোগ্যতা :

প্রতিষ্ঠানের যোগ্যতার মাপকাঠি নিম্নরূপ: (ক) এসএসসি/সমতুল্য পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা (চলতি বছরসহ পরপর ৩ বছরে) বিদ্যালয়ে কমপক্ষে ৪০ এবং মাদ্রাসায় কমপক্ষে ২০ জন থাকতে হবে) খ) জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা গ) বিগত বছরের তুলনায় শিক্ষার্থীদের পাশের হারের পরিবর্তন, (ঘ) চলতি ও বিগত দুই বছরের এসএসসি/সমতুল্য পরীক্ষার ফলাফলের তথ্য বিশ্লেষনের ভিত্তিতে প্রতিবছর এসব নির্ণায়কের একটি মান নির্ধারন করতে হবে। (ঙ) প্রতিষ্ঠানসমূহ সফল নির্ণায়কের ভিত্তিতে সংশ্লিষ্ট উপজেলার শীর্ষ প্রতিষ্ঠান সমূহের মধ্যে অবশ্যই স্থান করে নিতে হবে; চ) কোন প্রতিষ্ঠান এক বছর পুরস্কার পাওয়ার পর এক বছর বিরতি দিয়ে পরের বছরের জন্য পুনরায় নির্বাচিত হতে পারবে।

নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ নিম্নরূপ বর্ণনা:

১০. নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ:

ধাপ-১: প্রকল্প এমআইএস সেল/সেকায়েপ আইটিডেক্স প্রতি বছর মে মাসের শেষ দিকে শিক্ষা বোর্ড সমূহ থেকে পূর্বনির্ধারিত ছক মোতাবেক এসএসসি/সমতুল্য পরীক্ষার ফল সরাসরি সংগ্রহ করবে।

ধাপ-২: সেকায়েপ এমআইএস সেল/সেকায়েপ আইটিডেক্স শিক্ষা বোর্ডসমূহ থেকে প্রাপ্ত এসএসসি/সমতুল্য তথ্য সম্মত নির্নায়কসমূহের ভিত্তিতে প্রক্রিয়া করে উপজেলাভিত্তিক বিদ্যালয়সমূহের মর্যাদাক্রম নির্ণয় করবে।

ধাপ-৩: পুরস্কারের জন্য প্রতিষ্ঠান নির্বাচন শেষে সেকায়েপ এমআইএস সেল/সেকায়েপ আইটিডেক্স এওয়ার্ড কনফার্মেশন ফরম (এসিএফ) প্রস্তুত করবে। তারা খসড়া এসিএফ আরো প্রক্রিয়াকরণের জন্য মাউশি ও পিএমটিএ-তে প্রেরণ করবে। নমুণা এসিএফ ছক (পরিশিষ্ট-১) এ সাথে সংযুক্ত করা হলো। পিএমটিএ প্রাপ্ত এসিএফ নিজস্ব তথ্যভান্ডারে একীভূত করবে ও চূড়ান্ত এসিএফ সেকায়েপ-এ পাঠাবে। প্রতি বছর মে মাসের মধ্যে এসিএফ প্রস্তুতি সম্পন্ন আশা করা যায়।

ধাপ-৪: এমআইএস সেল হতে শিক্ষা প্রতিষ্ঠান ও তাদের নিজ নিজ এসএমসি/এমএমসিকে পুরস্কার প্রাপ্তির জন্য বাছাই সংক্রান্ত তথ্য জানাতে হবে। ইউএসইও পুরস্কার প্রাপ্তদের তথ্য জনসমক্ষ্যে জানাবে। এসিএফ প্রাপ্তির পর অর্থ শাখা পেমেন্ট অর্ডার প্রক্রিয়াকরণ করবে। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ অগ্রণী ব্যাংকে পাঠাবে। পেমেন্ট অথারাইজেশন অগ্রণী ব্যাংককেও একটি অনুলিপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রেরণ করবেন।

ধাপ-৫: এ পুরস্কার প্রতি বছর জুন/জুলাই মাসে প্রদান করা হবে।

ধাপ-৬: অগ্রণী ব্যাংক থেকে পুরস্কারের অর্থ পাবার পর প্রতিটি পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানের এসএমসি/এমএমসি পূর্বগামী ৬ অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্টদের মধ্যে তা বিতরণ করবে।

ধাপ-৭: পুরস্কারপ্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিম্নোক্ত তথ্য সরবরাহ করবে:

ক. এসএমসি সভার সিদ্ধান্তের অনুলিপি, এবং খ. অর্থ বিতরণের প্রমাণপত্র;

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের কাছ থেকে এসব তথ্য সংগ্রহ করেন। পুরস্কারের অর্থ গ্রহণ ও জনসমক্ষে প্রচারের প্রমাণপত্রসহ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন-এর কার্যালয়ে প্রেরণ করবেন। এ প্রক্রিয়া প্রতি বছর আগষ্ট মাসের মধ্যে সম্পন্ন করতে হবে;

ধাপ-৮: মাউশি'র পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ মাঠ পর্যায় থেকে প্রাপ্ত সকল রেকর্ড পত্র যাচাই ও অগ্রণী ব্যাংকের সাথে সামঞ্জস্যবিধান নিশ্চিত করবে;

ধাপ-৯: প্রতি বছর বিজয় দিবসে (১৬ ডিসেম্বর/২৬ মার্চ) পুরস্কারপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানকে উপজেলা পর্যায়ে আনুষ্ঠানিকভাবে শ্রেষ্ঠত্ব অর্জনের সনদপত্র প্রদান করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অনুষ্ঠানের সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। সেকায়েপ সনদপত্র তৈরি করে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর সম্মতিক্রমে নির্ধারিত সময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ নিশ্চিত করবে।

নির্বাচন পদ্ধতির ধাপসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার প্রদান সময়সূচী/পঞ্জিকা এর সাথে সংযুক্ত করা হলো:

ক্রমিক	কর্মকান্ডের বিবরণ	সময়সূচী	দায়িত্ব	মন্তব্য
১.	শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষার ফল সংগ্রহ করা	ফল প্রকাশের পর	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার, সেকায়েপ	
২.	শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান পুরস্কারের এসিএফ তৈরি	৩১ মে -১৫ জুন	সেকায়েপ আইটি ডেক্স/ সেকায়েপ এমআইএস সেল	
৩.	পরিচালক, পরিকল্পনা ও উন্নয়নকে এসিএফ প্রেরণ	১৬ জুন - ২০ জুন	সেকায়েপ আইটি ডেক্স/ সেকায়েপ এমআইএস সেল	
৪.	পেমেন্ট এডভাইস তৈরি করা এবং অনুমোদন	২১জুন -২৫ জুন	অর্থ শাখা, মাউশি, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর মাধ্যমে	
৫.	মাঠ পর্যায়ে এসিএফ ও সনদপত্র প্রেরণ করা	২৫-৩০ জুন	শিক্ষা কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার	
৬.	পুরস্কার বিতরণ	১-৩০ জুলাই	অগ্রণী ব্যাংক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৭.	অর্থ বিতরণ বিবরণী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়নকে প্রেরণ	১-১৫ আগষ্ট	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৮.	শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার সনদপত্র বিতরণ	১৬ ডিসেম্বর	উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাউশি কর্মকর্তা	

তহবিল প্রবাহ চিত্রঃ ট্রেজারী থেকে প্রতিষ্ঠান পর্যন্ত

উদ্দীপনা পুরস্কার বাবদ অনুদানের ব্যয় প্রথমে সরকারী কোষাগার হতে নির্বাহ করা হবে। সরকারী কোষাগার হতে অনুদান অর্থ প্রাপ্তি সহজলভ্য করতে অনুসরণীয় পদ্ধতি হবে নিম্নরুপঃ

১. সেকায়েপ পুরস্কার বাবদ এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব দেবে;
২. মাউশি উক্ত বরাদ্দ এডিপিতে অর্ন্তভুক্ত করে শিক্ষা মন্ত্রণালয়কে প্রেরণ করবে;
৩. মাউশি, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগের অনাপত্তি নেবে;
৪. অর্থ বিভাগের অনুমোদনের ভিত্তিতে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অগ্রিম চেক ইস্যু করবেন;
৫. সেকায়েপ অগ্রণী ব্যাংক বরাবর উদ্দীপনা পুরস্কারের এসিএফসহ অর্থ পরিশোধের আদেশ জারী করবে;
৬. অগ্রণী ব্যাংকের স্থানীয় শাখা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে পুরস্কারের অর্থ বিতরণ করবে;

১২. আইডিএ কর্তৃক পুনর্ভরণ

সেকায়েপ উদ্দীপনা পুরস্কার কার্যক্রম বাস্তবায়ন এবং বিতরণকৃত অর্থের সমন্বয় করবে। মহাপরিচালক, মাউশি ডিএলআই ভিত্তিক তহবিল হতে পুনর্ভরণের জন্য প্রমানসহ অর্থ উত্তোলনের আবেদন সমেত প্রতিবেদন প্রস্তুত করে আইডিএ বরাবর প্রেরণ করবে।

১৩. পুরস্কার বিতরনের সময়:

জুলাই/আগষ্ট

১৪. সেকায়েপ ও অন্যান্য সহযোগীদের ভূমিকা ও দায়িত্ব:

মাউশির ভূমিকা :

মহাপরিচালক মাউশি পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার কার্যক্রম বাস্তবায়ন করবেন। সেকায়েপ এ ব্যাপারে পূর্ণ সহযোগিতা প্রদান করবে এবং কার্যক্রম বাস্তবায়নে প্রয়াজনীয় সকল সহযোগিতা দেবে। তা ছাড়া নিম্ন বর্ণিত কাজ গুলি যথা-

(১) ষ্টিয়ারিং কমিটির সভার ব্যাপারে উদ্দ্যোগ এবং প্রাতিষ্ঠানিক সকল অনুমোদন সংগ্রহ

(২) পরিকল্পনা ও উন্নয়ন শাখা মাউশিকে শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার সংক্রান্ত সব ধরণের সহায়তা

(৩) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের সাথে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর সম্পৃক্তা সম্পর্কে বিভিন্ন পর্যায়ে স্টেক হোল্ডারদের জন্য একটি সার্কুলার ইস্যু করা।

(৪) সংশ্লিষ্ট অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে পরিকল্পনা সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য (২০১৪-২০১৭) বরাদ্দ নিশ্চিত করা;

(৫) এডিপিতে বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগের সাথে আলোচনা করে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ পত্র প্রেরণ।

(৬) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের জন্য পেমেন্ট অথারাইজেশন ইস্যু করা।

(৭) সিএজি এর সাথে উদ্দীপনা পুরস্কার বাবদ বরাদ্দকৃত টাকা অগ্রণী ব্যাংকে প্রেরণ বিষয়ে পদক্ষেপের জন্য যোগাযোগ।

(৮) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের বিতরণ বিবরণী অগ্রণী ব্যাংক থেকে সংগ্রহ করা।

(৯) অর্থনৈতিক কোড অনুযায়ী বিতরণ বিবরণী পূনর মূল্যায়ন করে কোষাগারে জমাকরার জন্য উদ্দ্যেগ গ্রহন।

১৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর ভূমিকা

(১) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের সাথে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন এর সম্পৃক্তা সম্পর্কে বিভিন্ন পর্যায়ে স্টেক হোল্ডারদের জন্য একটি সার্কুলার ইস্যু করা। (২) সংশ্লিষ্ট অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে পরিকল্পনা সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য (২০১৪-২০১৭) বরাদ্দ নিশ্চিত করা; (৩) এডিপিতে বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগের সাথে আলোচনা করে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ পত্র প্রেরণ। (৪) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের জন্য পেমেন্ট অথারাইজেশন ইস্যু করা। (৫) সিএজি এর সাথে উদ্দীপনা পুরস্কার বাবদ বরাদ্দকৃত টাকা অগ্রণী ব্যাংকে প্রেরণ বিষয়ে পদে ক্ষপের জন্য যোগাযোগ। (৬) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের বিতরণ বিবরণী অগ্রণী ব্যাংক থেকে সংগ্রহ করা। (৭) অর্থনৈতিক কোড অনুযায়ী বিতরণ বিবরণী পূনর মূল্যায়ন করে কোষাগারে জমাকরার জন্য উদ্দ্যেগ গ্রহন। (৮) পুর্নভরনের জন্য মাউশিকে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো।

১৬. সেকায়েপ-এর ভূমিকা

ক) পেমেন্ট অথরাইজেশনসহ এসিএফ অগ্রণী ব্যাংক ও অনুলিপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের প্রেরণ; গ) পুরুস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানের কৃতিত্ব অর্জনের সনদপত্র তৈরি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পৌছানো; ঘ) অগ্রণী ব্যাংক-এর সাথে পরামর্শ করে পুরস্কারের অর্থ বিতরণ সময়সূচী তৈরি করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নির্দেশনা প্রদান; ঙ) অগ্রণী ব্যাংক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিকট থেকে পুরষ্কারের অর্থ বিতরণের প্রতিবেদন পৃথক পৃথকভাবে সংগ্রহ ও সেগুলি সমন্বয় করা; চ) মহাপরিচালক, মাউশি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার সংক্রান্ত যে কোন কাজ ।

১৭. সেকায়েপ আইটি ডেক্স

(১) তথ্য প্রক্রিয়া জাতকরণ করবে। (২) শিক্ষা বোর্ড থেকে ফলাফল সংগ্রহ করে ড্রাফ্‌ট /এসিএফ তৈরি।

১৮. ইউএনও'র ভূমিকা

উপজেলা নির্বাহী অফিসার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার কর্মসূচীর সার্বিক বাস্তবায়নে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় পরামর্শ দেবেন।

১৯. সিএজির ভূমিকা

(১) শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার বিতরণ করা। (২) বিতরণ বিবরণী মহাপরিচালক, মাউশির নিকট প্রেরণ করা। (৩) কো-অপারেশন এগ্রিমেন্ট অনুযায়ী কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করা।

২০. ইউএসইও'র ভূমিকা

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার প্রদানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দায়িত্ব হলো:

- প্রতিষ্ঠানকে উদ্দীপনা পুরস্কার সমন্ধে অবহিত করা;
- মাঠ পর্যায়ে কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা ও সমন্বয় করা;
- প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত তথ্য যাচাই করা;
- স্থানীয় সিএজি অফিসকে উদ্দীপনা পুরস্কার বিতরণে সহযোগিতা করা;
- মাঠ পর্যায়ে যে কোন সময় যে কোন উদ্ভুত্ত সমস্যা সমাধানে সহযোগিতা করা।

২১. প্রতিষ্ঠান প্রধানের

ক) ম্যানুয়াল অনুযায়ী শিক্ষক এবং অন্যান্য সদস্যদের পুরস্কারের অর্থ বিতরণ করা; খ) সিএজি অফিসকে সহায়তা করা; গ) অর্থ বিতরণ বিবরণী সেকায়েপে প্রেরণ করা।

২২. এসএমসি/এমএমসি ও পিটিএ'র

যথাযথভাবে পুরস্কার বিতরণ নিশ্চিত করতে এসএমসি/এমএমসি ও পিটিএ সদস্যগণ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২৩. এমইডব্লিউ'র

পুরস্কারের অর্থ সদ্ব্যবহার বিষয়ে আলোকপাত করে দ্রুত উদ্দীপনা পুরস্কার মূল্যায়ন পরিচালনা করা ও নির্দেশনা দেবেন।

পরিশিষ্ট - ১

প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কারের জন্য এসিএফ ছক

লোকেশন কোড-----   উপজেলা-------------- জেলা-------------- বিভাগ--------

ইআইআইএন	প্রতিষ্ঠানের নাম	পাশের হার পূর্ববর্তী ২য় বছর	পাশের হার পূর্ববর্তী ১ম বছর	পাশের হার চলতি বছর	চলতি বছরে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা	শাখা কোড	শাখার নাম	টাকার পরিমাণ

এসএসসি/ দাখিল পরীক্ষায় রেজিষ্ট্রেশন কৃত শিক্ষার্থী সংখ্যা
এসএসসি/ দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী সংখ্যা
এসএসসি/ দাখিল পরীক্ষায় পাশকৃত শিক্ষাথীর্র সংখ্যা
এসএসসি/ দাখিল পরীক্ষায় % শিক্ষাথীর্র সংখ্যা
এসএসসি/ দাখিল পরীক্ষায় গড় জিপিএ শিক্ষাথীর্র সংখ্যা

তহবিল প্রবাহ চিত্র কোষাগার থেকে শিক্ষা প্রতিষ্ঠান

সেকায়েপ শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের উদ্দীপনা পুরস্কারের জন্য বরাদ্ধের প্রস্তাব করবে

↓

মাউশি শিক্ষা প্রতিষ্ঠানের উদ্দীপনা পুরস্কার বাবদ বরাদ্দ এডিপিতে অর্ন্তভুক্ত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন

↓

মাউশি অগ্রিম উত্তোলনের অনাপত্তি পত্র গ্রহণ করবে

↓

শিক্ষা মন্ত্রণালয় অগ্রিম উত্তোলনের জন্যে অর্থ বিভাগ এর সম্মতি পত্র নেবে

↓

সিএও অর্থ বিভাগ এর অনুমোদন সাপেক্ষে অগ্রিম চেক জারী করবে

↓

সেকায়েপ/মাউশি অগ্রণী ব্যাংক বরাবর পেমেন্ট অথারাইজেশন ইস্যু করবে

↓

অগ্রণী ব্যাংক প্রতিষ্ঠানসমূহে পুরুস্কারের অর্থ বিতরণ করবে

↓

শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পুরস্কার বিতরণ করবে

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সময়সূচী পঞ্জিকা

এসএসসি/সমতুল্য ফলাফল বোর্ড থেকে সংগ্রহ

↓

এমআইএস সেলে এসএসসি/সমতুল্য ফলাফল প্রেরণ

↓

এসিএফ প্রস্তুত করণ

↓

এসিএফ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন কে প্রেরণ

↓

পেমেন্ট অ্যাডভাইজ প্রস্তুত করণ

↓

এসিএফ, সার্টিফিকেট মাঠ পর্যায়ে প্রেরণ

↓

অর্থ বিতরণ বিবরণী পরিকল্পনা ও উন্নয়ন কে প্রেরণ
(উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বারা)

↓

সার্টিফিকেট বিতরণ